

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২) কাজের প্রাক্কলন।

বিষয়ঃ “ঢাকা ওয়াসা এর কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে হোসপাইপ, ২৫মিঃমিঃ ব্যাসের পানির মিটার ও সিলিং ফ্যান মডস জোন-১ এর উপভান্ডার এ আনয়নের জন্য পরিবহন ব্যয় ও মালামাল গুলি গুছিয়ে রাখার জন্য লেবার সরবরাহ করণ”- শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ আওতাধীন ডিএমএ এলাকায় প্রায়ই পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ করার প্রয়োজন হয়। এছাড়া, এসব এলাকা প্রতিনিয়ত ক্রমবর্ধমান হচ্ছে এবং নতুন নতুন বাড়ি ঘর নির্মাণ সহ বহুতল ভবন নির্মাণ হচ্ছে। উল্লেখ্য, অত্র জোনের আওতাধীন এলাকায় ইতিমধ্যে ২১টি ডিএমএ হস্তান্তর করা হয়েছে। এসকল এলাকায় প্রতি মাসে গড়ে প্রায় ১০০-১৫০টি নতুন পানির সংযোগের আবেদন পড়ে। এছাড়া, অত্র জোনের বিভিন্ন এলাকা হতে পানির সার্ভিস লাইনে সংযোগ বর্ধিত করার আবেদন আসে। ডিএমএ এলাকায় পানির নতুন সার্ভিস সংযোগ প্রদান/ বর্ধিত করার লক্ষ্যে মিটার সমূহ কেন্দ্রীয় ভান্ডার হতে উত্তোলন করে বিভাগীয় ভান্ডারে মজুদ রাখা হয়। তাছাড়া, বিভিন্ন পাম্প হাউজের জন্য সিলিং ফ্যান ও পানির গাড়ির জন্য বরাদ্দকৃত হোস পাইপ সমূহ কেন্দ্রীয় ভান্ডার হতে উত্তোলন করে ট্রাকে লোডিং করে পরিবহনের পর বিভাগীয় ভান্ডারে আনলোডিং করে মজুদ করা হয়ে থাকে। সেই লক্ষ্যে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল (ক্রঃ নং-২)। যাহার প্রাক্কলিত টাকার পরিমান দাড়িয়েছে টাঃ ২৩,৯৬০.০০ (তেইশ হাজার নয়শত ষাট) মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার Package No:WR-09(2), ভান্ডার রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে। কাজ শেষে উক্ত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

২। এমতাবস্থায়, “ঢাকা ওয়াসা এর কেন্দ্রীয় ভান্ডার বিভাগ হতে হোসপাইপ, ২৫মিঃমিঃ ব্যাসের পানির মিটার ও সিলিং ফ্যান মডস জোন-১ এর উপভান্ডার এ আনয়নের জন্য পরিবহন ব্যয় ও মালামাল গুলি গুছিয়ে রাখার জন্য লেবার সরবরাহ করণ”- শীর্ষক কাজটি PPR-2008 এর বিধি ৮১/১ বিধি অনুসরণে সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদনের জন্য টাঃ ২৩,৯৬০.০০ (তেইশ হাজার নয়শত ষাট) মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যাহা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

০৯/০৯/২৫
মোঃ সাকিব রায়হান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

০৯/০৯/২৫
মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

০৯/০৯/২৫
মোঃ আনোয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা

০৯/০৯/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০৯/০৯/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।